# SOP (Standard Operating Procedure)

**SOP'র নাম** **বাংলাদেশী সীফ্যারারের সিডিসিতে মেডিকেল ফিটনেস এন্ডোর্সমেন্ট প্রদান সংশ্লিষ্ট কার্যক্রম সংক্রান্ত SOP**

| | | | |
|---|---|---|---|
| পৃষ্ঠা | ৩ | SOP নং | |
| SOP অনুমোদনকারী | নৌপরিবহন অধিদপ্তর, ঢাকা | অনুমোদনের তারিখ | |
| SOP ব্যবহারকারী | সরকারি সমুদ্র পরিবহন অফিস, চট্টগ্রাম | বাস্তবায়নের তারিখ | |

## ১. উদ্দেশ্য:

SOP তৈরীর মূল উদ্দেশ্য হচ্ছে নাগরিক সনদ বা সিটিজেন চার্টার মোতাবেক বাংলাদেশী সীফ্যারারের জন্য MLC গাইডলাইন ও বাংলাদেশ মার্চেন্ট শিপিং অধ্যাদেশ-১৯৮৩ অনুযায়ী নৌপরিবহন অধিদপ্তর কর্তৃক অনুমোদিত মেডিকেল প্র্যাকটিশনার দ্বারা প্রদত্ত মেডিকেল ফিটনেস সনদ অনুসারে সরকারি সমুদ্র পরিবহন অফিস, চট্টগ্রাম কর্তৃক সংশ্লিষ্ট মেডিকেল ফিটনেস সনদ সিডিসিতে এন্ট্রি ও এন্ডোর্সমেন্ট প্রক্রিয়াকে একটি সুনির্দিষ্ট ব্যবস্থাপনার অধীনে পরিচালনা করা এবং সেবার উৎকর্ষতাসাধন ও সহজীকরন করার মাধ্যমে বাংলাদেশী সীফ্যারারদের দেশ-বিদেশী সমুদ্রগামী জাহাজে চাকুরী করতে সহায়তা করা।

## ২. লক্ষ্য:

SOP তৈরীর লক্ষ্য হচ্ছে সিডিসি প্রাপ্ত বাংলাদেশী সীফ্যারারের মেডিকেল ফিটনেস সনদ সিডিসিতে এন্ট্রি ও এন্ডোর্সমেন্ট প্রদানকারী কর্তৃপক্ষ হিসেবে শিপিং মাস্টার, সরকারি সমুদ্র পরিবহন অফিস ও তাঁর অধীন কর্মরত কর্মচারীদের দায়িত্ব নির্দিষ্টকরনের মাধ্যমে সীফ্যারারের মেডিকেল ফিটনেস সনদ সম্পূর্ন প্রক্রিয়াটিতে ধারাবাহিকতা, গতিশীলতা, স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করা।

## ৩. মেডিকেল ফিটনেস সনদ কাজের দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তাঃ

বাংলাদেশ মার্চেন্ট শিপিং অধ্যাদেশ ১৯৮৩ এর ধারা ১১০ মোতাবেক বাংলাদেশী সীফ্যারারের মেডিকেল ফিটনেস সনদ সিডিসিতে এন্ট্রি ও এন্ডোর্সমেন্ট কার্যক্রম শিপিং মাস্টার বা তার অধীন অধ্যাদেশের ৮(৩) ধারা মোতাবেক দায়িত্ব প্রাপ্ত উপ-শিপিং মাস্টার ও সহকারি শিপিং মাস্টার উক্ত কার্যক্রম সম্পন্ন করতে পারেন।

**যোগাযোগের ঠিকানা:** **শিপিং মাস্টার**

সরকারি সমুদ্র পরিবহন অফিস

সরকারি কার্যভবন-১, আগ্রাবাদ, চট্টগ্রাম।

ফোন: ৮৮০-৩১-৭২৩৭৫৪

ইমেইল: gso@gso.gov.bd

ওয়েবসাইট: www.gso.gov.bd

## ৪. সীফ্যারারের সিডিসিতে মেডিকেল এন্ডোর্সমেন্ট প্রদানের জন্য বাংলাদেশী আইন ও বিধি

বাংলাদেশ মার্চেন্ট শিপিং অধ্যাদেশ ১৯৮৩ এর ধারা ১১০ মোতাবেক নৌপরিবহন অধিদপ্তর কর্তৃক অনুমোদিত মেডিকেল প্র্যাকটিশনার দ্বারা প্রদত্ত মেডিকেল ফিটনেস সনদ অনুসারে সরকারি সমুদ্র পরিবহন অফিস, চট্টগ্রাম কর্তৃক সংশ্লিষ্ট মেডিকেল ফিটনেস সনদ সিডিসিতে এন্ট্রি ও এন্ডোর্সমেন্ট প্রক্রিয়া সম্পাদিত হয়।

## ৫. সীফ্যারারদের সিডিসিতে মেডিকেল ফিটনেস সনদ এন্ডোর্সমেন্ট প্রক্রিয়া কার্যক্রম, সময় ও বাস্তবায়নকারী

| ক্র:নং | কার্যক্রম | সময় | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১ | সংশ্লিষ্ট সীফ্যারার নৌপরিবহন অধিদপ্তর কর্তৃক অনুমোদিত ডাক্তার/ মেডিকেল প্র্যাকটিশনার দ্বারা প্রয়োজনীয় পরীক্ষা সম্পন্ন করে মেডিকেল ফিটনেস সনদ সংগ্রহ করেন। | --- | সংশ্লিষ্ট সীফ্যারার ও নৌপরিবহন অধিদপ্তর কর্তৃক অনুমোদিত ডাক্তার/ মেডিকেল প্র্যাকটিশনার |
| ০২ | সংশ্লিষ্ট সীফ্যারার সিডিসিতে মেডিকেল ফিটনেস এন্ডোর্সমেন্ট গ্রহনের জন্য রূপালী ব্যাংক কালেকশন বুথ অথবা হিসাব শাখার সরকারি ফরম নং-১ এর মাধ্যমে সরকারি ফি জমা প্রদান করেন। | --- | রূপালী ব্যাংক কালেকশন বুথ<br>অথবা দায়িত্বপ্রাপ্ত কর্মচারী, হিসাব শাখা, সরকারি সমুদ্র পরিবহন অফিস |
| ০৩ | মূল সিডিসি, মেডিকেল ফিটনেস সনদ ও ফি জমা রশিদ শাখায় জমা প্রদান | --- | দায়িত্বপ্রাপ্ত কর্মচারী, সিডিসি শাখা, সরকারি সমুদ্র পরিবহন অফিস |
| ০৪ | মেডিকেল ফিটনেস সনদ ও ফি জমা রশিদ যাচাইকরন এবং মূল সিডিসির মেডিকেল পাতায় এন্ট্রি প্রদান | ২০ মিনিট | দায়িত্বপ্রাপ্ত কর্মচারী, সিডিসি শাখা, সরকারি সমুদ্র পরিবহন অফিস |
| ০৫ | মূল সিডিসিতে মেডিকেল ফিটনেস এন্ট্রি এন্ডোর্সমেন্ট প্রদান | ১০ মিনিট | শিপিং মাস্টার<br>সরকারি সমুদ্র পরিবহন অফিস |
| ০৬ | শিপিং মাস্টার কর্তৃক সিডিসিতে মেডিকেল ফিটনেস এন্ডোর্সমেন্ট এর পর তা সংশ্লিষ্ট মেডিকেল ফিটনেস ডেলিভারী রেজিস্টারের সংশ্লিষ্ট সীফ্যারের স্বাক্ষর গ্রহণ করে মূল সিডিসি হস্তান্তর করা হয়। | ১০ মিনিট | দায়িত্বপ্রাপ্ত কর্মচারী সিডিসি শাখা |

## ৬. সীফ্যারারদের সিডিসিতে মেডিকেল ফিটনেস সনদ এন্ডোর্সমেন্ট ফি:

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয় এর পত্র নং-০৭.০০.০০০০.১৪৪.০৫২.১১৮.২০১৩(অংশ)/০৩, তারিখ: ২৮-০১-১৫ খ্রি:, নৌ-পরিবহন মন্ত্রণালয় এর পত্র নং- ১৮.০১৯.০৭.০০.০০.০০১.২০১৩-৪৫৮ তারিখ ০৫-০৮-২০১৫ এবং অত্র অফিসের পত্র নং- ৪০৫.০০৫.০৪৪.০০.০০.০৪৪.২০১০/অংশ-১৩/৮৬৮ তারিখ ০২-০৯-২০১৫ মোতাবেক অনুমোদিত মেডিকেল ফিটনেস সনদ এন্ডোর্সমেন্ট সেবার ফি নিম্নরূপ:-

| ক্রমিক | ধরন | ফি | ভ্যাট |
|---|---|---|---|
| ০১ | অফিসার | ৩০০/- | নাই |
| ০২ | নাবিক (রেটিংস) | ১০০/- | নাই |

উক্ত ফি সরকারি সমুদ্র পরিবহন অফিস, চট্টগ্রামের রূপালী ব্যাংক কালেকশন বুথ অথবা হিসাব শাখার সরকারি ফরম নং-১ এর মাধ্যমে পরিশোধযোগ্য।

রূপালী ব্যাংক কালেকশন বুথ অথবা হিসাব শাখার সরকারি ফরম নং-১ এর মাধ্যমে আদায়কৃত মেডিকেল ফি ও ভ্যাট নন ট্যাক্স রেভিনিউ হিসেবে ট্রেজারি চালানের মাধ্যমে সরকারি কোষাগারে জমা প্রদান করা হয়।

## ৭. জাহাজে অনবোর্ড/সাইন অফের পূর্বে মৃত্যুবরণকারী সীফ্যারার সংক্রান্ত ফাইল সংরক্ষন

সরকারি সমুদ্র পরিবহন অফিস, চট্টগ্রাম এর চুক্তিপত্র বা আর্টিকেলস অব এগ্রিমেন্টস স্বাক্ষরের মাধ্যমে জাহাজে যোগদানকারী সীফ্যারার জাহাজে অনবোর্ড থাকা অবস্থয় অথবা সাইন অফের পূর্বে মৃত্যু হলে সে সংক্রান্ত কার্যক্রম নির্ধারিত ফাইল ও রেজিস্টারের মাধ্যমে শিপিং মাস্টারের প্রশাসনিক অনুমোদন গ্রহণ করে সম্পাদন করা হয়। সরকারি সমুদ্র পরিবহন অফিস উক্ত ফাইল এবং রেজিস্টার অত্র অফিস কর্তৃক সময়ে সময়ে জারিকৃত আদেশ মোতাবেক সংরক্ষন করা হয়।

## ৮. রেফারেন্সঃ

ক. গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক গৃহীত বাংলাদেশ মার্চেন্ট শিপিং অধ্যাদেশ-১৯৮৩ এর সংশ্লিষ্ট ধারা ১১০

খ. সরকারি সমুদ্র পরিবহন অফিসের সিটিজেন চার্টার ও ওয়েবসাইট (www.gso.gov.bd)

গ. নৌপরিবহন অধিদপ্তর অনুমোদিত মেডিকেল প্র্যাকটিশনার তালিকা অধিদপ্তর (www.dos.gov.bd) ও সরকারি শিপিং অফিসের (www.gso.gov.bd) ওয়েবসাইটে প্রদর্শিত আছে।

## ৯. সংজ্ঞাঃ

- “সরকার” অর্থ নৌপরিবহন মন্ত্রণালয়
- “অধিদপ্তর” অর্থ Bangladesh Merchant Shipping Ordinance-1983 (Ordinance No. XXVI of 1983) এর অধীন স্থাপিত নৌপরিহন অধিদপ্তর;
- “সরকারি সমুদ্র পরিবহন অফিস” অর্থ Bangladesh Merchant Shipping Ordinance-1983 (Ordinance No. XXVI of 1983) এর অধীন স্থাপিত সরকারি সমুদ্র পরিবহন অফিস বা Government Shipping Office ;
- “মহাপরিচালক” অর্থ নৌপরিহন অধিদপ্তরের মহাপরিচালক
- “শিপিং মাস্টার” অর্থ সরকারি সমুদ্র পরিবহন অফিসের শিপিং মাস্টার
- “BMSO” অর্থ Bangladesh Merchant Shipping Ordinance-1983

মহাপরিচালক

তারিখঃ

নৌপরিবহন অধিদপ্তর, ঢাকা